



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৩.০৫৮.১৮-১৩২৬

তারিখ: ০৪.১০.২০১৮ খ্রি:

বিষয়: উপস্থাপিত ব্রডশীট জবাবের প্যাটার্ন যথাযথ না হওয়ায় পুনরায় সঠিক প্যাটার্ন অনুযায়ী ব্রডশীট জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০০১.১৩৩.১৭-৬২

তারিখ: ০৪.০২.২০১৭খ্রি:

(২) অধ্যক্ষ কর্তৃক ব্রডশীট জবাব উপস্থাপন এর স্মারক নং-১০১/১৭

তারিখ: ১২.১১.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সোনাখুলী মুন্সিপাড়া কামিল এম.এ মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রে বর্ণিত ২ নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি ব্রডশীট জবাব উপস্থাপন করা হয়।

০২. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বর্ণিত মাদ্রাসার ব্রডশীট জবাবের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ/মতামত প্রদানক্রমে তা টিমইডিতে প্রেরণের নির্দেশ দেয়া হয়।

০৩. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক প্রেরিত ব্রডশীট জবাব পর্যালোচনায় দেখা যায় যে, উপস্থাপিত ব্রডশীট জবাবে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ/মতামত প্রদান করার জন্য কোন কলাম নেই। এখানে উল্লেখ্য যে, মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মতামতের কলাম ছাড়া কোন মতামত প্রদান সম্ভব নয়।

এমতাবস্থায় মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মতামত প্রদানের জন্য পুনরায় সঠিক প্যাটার্ন অনুযায়ী ব্রডশীট জবাব নির্দিষ্ট কলামে প্রস্তুত পূর্বক অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ,

সোনাখুলী মুন্সিপাড়া কামিল এম.এ মাদ্রাসা

সোনাখুলী, সৈয়দপুর, নীলফামারী,

NO 04.10.18

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

২. অফিস কপি।